একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০১৮.১০.০১৭.২৩-৩৯৪

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ১৪/০৩/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৭.১৯.২৮৮ নং স্মারকপত্রে জারীকৃত ছাড়পত্রের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর রাজস্ব প্রশাসনের অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের মডেল ফরমে/নির্ধারিত ফরমে http://dclal.teletalk.com.bd এ দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১।	অফিস সহায়ক	৩৩ (তেত্রিশ)টি	৮২৫০- ২০০১০ (২০-গ্রেড)	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২।	নিরাপত্তা প্রহরী	০৩ (তিন)টি	৮২৫০- ২০০১০ (২০-গ্রেড)	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩।	পরিচ্ছন্নতাকর্মী	০১ (এক)টি	৮২৫০- ২০০১০ (২০-গ্রেড)	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

০৩। নিয়োগ সংক্রান্ত তথ্য লালমনিরহাট জেলার ওয়েবসাইট (www.lalmonirhat.gov.bd) এবং জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

০৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dclal.teletalk.com.bd এই ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু হবে ০২/০৫/২০২৪ তারিখ সকাল ১০.০০ টা হতে এবং শেষ হবে ৩১/০৫/২০২৪ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন পত্র প্রেরণ করার পূর্বেই আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চলমান পৃষ্ঠা- ২

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদন পত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে প্রতিটি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২.০০ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCLAL<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে

Example : **DCLAL ABCDEF** & send to 16222

দ্বিতীয় SMS: DCLAL<space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example : **DCLAL YES 12345678** & send to 16222

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://dclal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পদ্ধতি অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

- User ID জানা থাকলে DCLAL<space>Help<space>User<space>User ID & send to 16222
- Example : **DCLAL Help User ABCDEF** & send to 16222
- PIN Number জানা থাকলে DCLAL<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
- Example : **DCLAL Help PIN 1234567** & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট এর ওয়েবসাইট www.lalmonirhat.gov.bd এ এবং http://dclal.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd/dclal ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.lalmonirhat.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd [Mail এর Subject-এ Organization Name: DCLAL, Post Name: ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৬। প্রার্থীর বয়সসীমা ৩০/০৮/২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পোষ্য এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চলমান পৃষ্ঠা- ৩

০৭। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূলকপি উপস্থাপন করতে হবে এবং ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি সম্বলিত সিলসহ) দাখিল করতে হবে:

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ।

(গ) সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধনের মূলসনদ।

(ঙ) বীর মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র) মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। বর্ণিত সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়ন/সংশ্লিষ্ট প্রয়োজনীয় ওয়ারিশন সনদসহ নিম্নবর্ণিত ছকের তথ্যাদি প্রদান করতে হবে:

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	যে তালিকা বা গেজেটে মুক্তিযোদ্ধার নাম রয়েছে তার বিবরণ;	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক (মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখ করতে হবে।	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য

(চ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদ ।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ।

(জ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৯। সকল সনদপত্র সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।

১০। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল/ প্রদর্শন করতে হবে।

১১। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৩। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য । প্রদত্ত কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। এছাড়াও কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত পরিবর্তন, সংযোজন, সংশোধন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮/০৪/২৪

মোহাম্মদ উল্যাহ
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বাছাই কমিটি, লালমনিরহাট

২৮/৪/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০১৮.১০.০১৭.২৩-৬৭৪(১০০)

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জেলা প্রশাসক, ...(সকল), রংপুর বিভাগ, রংপুর।
০২। পুলিশ সুপার ,লালমনিরহাট।
০৩। সিভিল সার্জন, লালমনিরহাট।
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, লালমনিরহাট/উপজেলা পরিষদ.., লালমনিরহাট।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
০৭। মেয়র, লালমনিরহাট পৌরসভা/পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
০৯। সহকারী কমিশনার (ভূমি), লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
১০। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট। তাকে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, লালমনিরহাট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। চেয়ারম্যান, ...(সকল ইউপি), ..., লালমনিরহাট।
১৩। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা/দৈনিক খোলা কাগজ, বনানী, ঢাকা বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ৩০ এপ্রিল, ২০২৪ সংখ্যায় এক দিনের জন্য স্বল্পপরিসরে (৩০ ইঞ্চি × ৪ ইঞ্চি কলাম) ভিতরের পাতায় (জাতীয় সংস্করণ) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং পাঁচ কপি পত্রিকা বিলসহ এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪। অফিস কপি।

২৮/০৪/২৪

মোহাম্মদ উল্যাহ
জেলা প্রশাসক
লালমনিরহাট।

২৮/৪/২৪